

LANGUAGE (BENGALI)

Section-A

নিম্নলিখিত পদ্যাংশটি ভালোমত পড়ুন, পরবর্তী প্রশ্নগুলির উত্তর লিখুন।

পাড়াগেয়ে কবি: — প্রভুর আদেশে শহরেতে তার আসা;
বহু খুঁজে নিল মোহিনী রোডেতে ছোট্ট, একটি বাসা।
খুঁজে নিল বাসা, যথাসম্ভব মিলায়ে, কাব্য কোড,
অনতিদূরেই বকুল বাগান পাশ দিয়ে রসা রোড।
যামে করখানা, কোশে জঙ্গল, ছোট্ট বাসার কাছে
বহু ভাষাতাত্ত্বী খেট্টা-পাড়া ও মস্ত বাজার আছে।
করখানাটার ছোট্ট সংসারে দিনরাত ঠোকাঠুকি,
হাতুড়ির জোপা শুনিয়া ফৌপায় হাপর অমিমুখী
উঁহু নারিকেল সুদুর বনের বেতার বার্তা পায়।
তলে প'ড়ে এক একা সহকার, কিছুই বলে না তার।

1. উদ্ধৃতাংশে কোন শহরের কথা বলা হয়েছে?
(A) শিলিগুড়ি (B) কলকাতা
(C) বকুল বাগান (D) হাওড়া
2. জোপা শব্দটির অর্থ হল
(A) কথা (B) তিরঙ্কার
(C) কন্না (D) প্রশংসা
3. 'হাপোর' কোন পেশার মানুষেরা ব্যবহার করেন?
(A) কুমোর (B) চর্মকার
(C) কামার (D) নাপিত
4. 'কিছুই বলে না' — কে বলে না?
(A) সহকার (B) বেতার বার্তা
(C) নারিকেল (D) রেডিও
5. এখানে কোন গাছের উল্লেখ নেই?
(A) নারিকেল (B) আম গাছ
(C) বকুল গাছ (D) আগের কোনটিই নয়

6. কাব্য কোড কথটির তাৎপর্য হল
 (A) কাব্য রীতি (B) কবিতার ভাষা
 (C) কাব্য সৌন্দর্য (D) কাব্যছন্দ
7. 'অনতিদূরে' কথটির সরল অর্থ
 (A) খুব কাছে (B) বেশী দূরে নয়
 (C) অনেক দূরে (D) বহু দূরে
8. 'দিনরাত' শব্দটি
 (A) সন্ধিবদ্ধ পদ (B) প্রত্যয় নিষ্পন্ন পদ
 (C) সমাসবদ্ধ পদ (D) আগের কোনটিই নয়

গদ্যাংশটি পড়ে নীচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দিন :

সাহিত্যে আবির্ভাবের পূর্বেই এই আধুনিকতা ছবিতে ভর করেছিল। চিত্রকলা যে ললিতকলার অঙ্গ, এই কথাটাকে অস্বীকার করবার জন্যে সে বিবিধ প্রকারে উৎপাত শুরু করে দিলে। সে বললে, আঁটের কাজ মনোহারিতা নয়, মনোজয়িতা, তার লক্ষণ লালিতা নয়, যথার্থ্য। চেহারার মধ্যে মোহকে মানলে না, মানলে ক্যারেক্টারকে অর্থাৎ একটি সমগ্রতার আত্মবোধশাকে। নিজের সম্বন্ধে সেই চেহারা আর কিছু পরিচয় দিতে চায় না, কেবল জোরের সঙ্গে বলতে চায় 'আমি দ্রষ্টব্য'। তার এই দ্রষ্টব্যতার জোর হাবভাবের দ্বারা নয়, প্রকৃতির নকলনবিশির দ্বারা নয়, আত্মগত সৃষ্টি সত্যের দ্বারা। এই সত্য ধর্মনৈতিক নয়, ব্যবহারনৈতিক নয়, ভাববাঞ্ছক নয়, এ সত্য সৃষ্টিগত।

9. আবির্ভাব সন্ধি বিচ্ছেদ করুন :
 (A) আবিঃ + ভাব (B) আবিঃ + ভাব
 (C) আবি + ভাব (D) আ + বিভাব
10. আধুনিকতা কী পদ?
 (A) বিশেষ্য (B) বিশেষণ
 (C) বিশেষণের বিশেষণ (D) ক্রিয়া বিশেষণ
11. 'যথার্থ্য' — পদান্তর করুন :
 (A) যথার্থ (B) যথার্থ
 (C) যথার্থ (D) যথার্থ
12. দ্রষ্টব্য — প্রকৃতি প্রত্যয়গত দিক দিয়ে—
 (A) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় নিষ্পন্ন (B) বাংলা তদ্ধিত প্রত্যয় নিষ্পন্ন
 (C) সংস্কৃত কৃত প্রত্যয় নিষ্পন্ন (D) বাংলা কৃত প্রত্যয় নিষ্পন্ন

13. ললিতকলা সমাশ-নির্ণয় করুন :
- (A) ধ্বন্দ্ব সমাশ (B) কর্মধারয়
(C) উপপদ তৎপুরুষ (D) দ্বিগু
14. 'নকল' - শব্দটি :
- (A) অ্যাগন্তুক শব্দ (B) দেশি শব্দ
(C) তদ্ভব শব্দ (D) অর্ধতৎসম শব্দ
15. সে বললে, আর্টের কাজ মনোহারিতা নয়। এখানে 'সে' বলতে বোঝানো হয়েছে :
- (A) ললিত কলাকে (B) চিত্রকলাকে
(C) আধুনিকতাকে (D) প্রকৃতির নকলনবিশিকে

Section-B

নিম্নলিখিত প্রশ্নগুলির একটি মাত্র সম্ভাব্য উত্তর বেছে নিন (OMR-sheet)

16. ইনফরমাল পদ্ধতিতে কী প্রয়োজন ?
- (A) বেশী শ্রম (B) বেশী সময়
(C) বেশী সময় ও শ্রম (D) বেশী জ্ঞান
17. কন্সিটিস্টরা গুরুত্ব দিয়েছেন—
- (A) ব্যবহারের উপর (B) পরিমাপযোগ্য অভিজ্ঞতার উপর
(C) প্রতিরোধমূলক অভিজ্ঞতার উপর (D) বিষয়গত অভিজ্ঞতার উপর
18. FCA প্রযুক্তি বলতে বোঝায়—
- (A) Functional Corrective Approach (B) Functional Communicative Approach
(C) Formative Correctional Approach (D) Figurative Comprehensive Approach
19. ভারতবর্ষে ছাত্র-ছাত্রীরা যে পরিবেশে বাস করে :
- (A) দ্বিভাষী সমাজের মধ্যে (B) একভাষী সমাজের মধ্যে
(C) বহুভাষী সমাজের মধ্যে (D) এগুলির কোনটিই নয়
20. সরাসরি পদ্ধতির (direct method) দ্বারা—
- (A) লেখনের ক্ষমতা বাড়তে পারে (B) মাতৃভাষার ব্যবহার কমাতে পারে
(C) স্মৃতি নির্ভরতা কমাতে পারে (D) এগুলির কোনটিই নয়
21. ভুল-ত্রুটি সংশোধনের জন্য একজন শিক্ষকের প্রাথমিক কর্তব্য—
- (A) নিজে যেন ভুল না করা (B) অত্যন্ত অনুভবী হওয়া
(C) সহজ বিষয় উপস্থাপন করা (D) ভুল বরদাস্ত না করা

22. ইনডাক্টিভ বা আরোহী পদ্ধতি শুরু হয়েছে
 (A) উদাহরণ থেকে তত্ত্বের দিকে (B) তত্ত্ব থেকে উদাহরণের দিকে
 (C) কঠিন থেকে সহজের দিকে (D) B ও C-এর সমন্বয়ে
23. ভাষা শিক্ষক হিসাবে শিক্ষার্থীর ভুল উচ্চারণ সংশোধনের জন্য আপনি কী করবেন?
 (A) শিক্ষার্থীকে আবৃত্তি ও স্রুতি নাটকের রেকর্ড শোনাবেন
 (B) শ্রেণিকক্ষে সরব পাঠের ওপর জোর দেবেন এবং প্রতিটি শব্দ যাতে তারা সঠিক উচ্চারণ করে দেখাবেন
 (C) ব্যাকরণের ক্লাস বেশি করে নেবেন
 (D) এগুলির সবকটিই করবেন
24. এগুলির মধ্যে কোনটিকে আপনি দৃশ্য-শ্রাব্য উপকরণ বলবেন?
 (A) রেডিও (B) গ্রামাফোন
 (C) স্লাইড (D) টেলিভিশন
25. লেখার ক্ষেত্রে কোন বিষয়টিকে গুরুত্ব দেবেন?
 (A) বোধগম্য হাতের লেখা (B) মনের ভাব প্রকাশ করা
 (C) যথাযথ বাক্য গঠন (D) এগুলির সবকটিই
26. শিক্ষা সহায়ক উপকরণ—
 (A) শিক্ষার্থীকে শিখতে সাহায্য করে (B) শিক্ষককে পাঠদানে সাহায্য করে
 (C) শিক্ষার্থী ও শিক্ষক উভয়কে সাহায্য করে (D) কোনোটিই নয়
27. কোন উপকরণটি শিক্ষার্থীদের সহজে পাঠ্য বিষয় আয়ত্ত করতে সাহায্য করবে বলে আপনি মনে করেন?
 (A) শ্রবণযোগ্য উপকরণ (B) দৃশ্য-শ্রাব্য উপকরণ
 (C) দৃশ্য-যোগ্য উপকরণ (D) পাঠ-যোগ্য উপকরণ
28. ভাষা হল ভাবের বাহন আর ব্যাকরণ হল সেই বাহনের
 (A) ভিত্তি (B) বিশ্লেষণ
 (C) বিজ্ঞান (D) হাতিয়ার
29. ব্যাকরণ শিক্ষার ক্ষেত্রে নিম্নলিখিত যে পদ্ধতি সর্বাপেক্ষা কার্যকরী তা হল
 (A) অবরোহী পদ্ধতি (B) বিশ্লেষণ পদ্ধতি
 (C) আরোহী পদ্ধতি (D) ব্যাকরণ পাঠ্যপুস্তক পদ্ধতি
30. শ্রেণিকক্ষের একটি অপরিহার্য উপাদান হল—
 (A) চার্ট (B) মডেল
 (C) ব্লাক বোর্ড (D) এর সবকটিই